# লেকচার ৩

- প্রধান প্রধান নদ-নদী, এদের উৎপত্তিস্থল, পতনস্থল, মিলনস্থল
- নদী তীরবর্তী জেলা, শহর ও স্থান।

## নদ-নদী, নদীর তীরবর্তী জেলা, শহর, স্থান...

### বাংলাদেশের নদ-নদী




নদ এবং নদীর পার্থক্য হলো ব্যাকরণগত। যে সকল নদীর নাম নারীবাচক তাদেরকে বলা হয় নদী। সাধারণত বাংলা ভাষায় নারীবাচক শব্দের শেষে আ-কারান্ত, ই-কারান্ত এবং উ-কারান্ত যুক্ত হয়। যেমন- পদ্মা, মেঘনা, সুরমা প্রভৃতি। যে সকল নদীর নাম পুরুষবাচক, তাদেরকে বলা হয় নদ। যেমন- নীল, আমাজন, সিন্ধু, ব্রহ্মপুত্র, কপাতোক্ষ, কুমার, দুধকুমার, ভৈরব, আড়িয়াল খাঁ প্রভৃতি। ব্রহ্মার পুত্র ব্রহ্মপুত্রকে মেয়ে ভাবার সুযাগে নেই। তেমনি হিমালয়ের দুহিতা গঙ্গা সে তো নারী ছাড়া আর কিছু হতে পারে না। গাঙ্গেয় ব-দ্বীপ (Ganges Delta) বাংলাদেশ এবং ভারতের পশ্চিমবঙ্গ প্রদেশ নিয়ে গঠিত। এই ব-দ্বীপের বাংলাদেশ অংশের আয়তন ৪৬,৬২০ বর্গকিলোমিটার যা সমগ্র বাংলাদেশের মোট এলাকার মোটামুটি এক-তৃতীয়াংশের সামান্য কিছু কম (প্রায় ৩২%)। গাঙ্গেয় ব-দ্বীপকে বঙ্গীয় ব-দ্বীপ, সুন্দরবন ব-দ্বীপও বলা হয়। এটি পৃথিবীর বৃহত্তম ব-দ্বীপ। গঙ্গা ও ব্রহ্মপুত্রের সম্মিলিত স্রোতধারা মেঘনার সহযাগে দেশের দক্ষিণ-পশ্চিমাঞ্চলে এই বদ্বীপ সৃষ্টি করেছে। বদ্বীপটি পশ্চিমে হুগলী নদী হতে পূর্বে মেঘনা নদী পর্যন্ত বিস্তৃত।

### বাংলাদেশের চর

বাংলাদেশের সবচেয়ে বেশি চর আছে যমুনা নদীতে।

| জেলা | বিখ্যাত চর |
|---|---|
| ভোলা | চর ফ্যাশন, চর মানিক, চর জব্বার, চর নিউটন, চর কুকুড়ি মুকড়ি, চর নিজাম, চর জংলী, চর মনপুরা, চর জহির উদ্দিন, চর ফয়েজ উদ্দিন |
| ফেনী | মুহুরীর চর |
| নোয়াখালী | চর শ্রীজনি, চর শাহাবানী, উড়ির চর, ভাসান চর |
| লক্ষ্মীপুর | চর আলেকজান্ডার, চর গজারিয়া |
| রাজশাহী | নির্মল চন্দ্র |

### প্রধান প্রধান নদ-নদীর উৎপত্তিস্থল

| নদ-নদী | উৎপত্তিস্থল |
|---|---|
| পদ্মা | হিমালয় পর্বতের গাঙ্গোত্রী হিমবাহ |
| ব্রহ্মপুত্র, যমুনা | তিব্বতের হিমালয়ের কৈলাসশৃঙ্গের মানস সরোবর |
| মেঘনা | আসামের নাগা, মণিপুর পাহাড়ের দক্ষিণে লুসাই পাহাড় |
| কর্ণফুলী | ভারতের মিজোরাম রাজ্যের লুসাই পাহাড় |
| সাঙ্গু | মিয়ানমার-বাংলাদেশ সীমানার আরাকান পর্বত |
| করতোয়া | হিমালয় পর্বতমালা |
| মাতামুহুরী | মিয়ানমারের আরাকান পর্বত |
| হালদা | খাগড়াছড়ির বাদনাতলী পর্বতশৃঙ্গ |
| ফেনী | খাগড়াছড়ির পার্বত্য এলাকা |
| গোমতি | ত্রিপুরা পাহাড়ের ডুমুর |
| খোয়াই | ত্রিপুরার আঠারমুড়া পাহাড় |
| মুহুরী | ত্রিপুরার পাহাড়ি এলাকা |
| সালদা | ত্রিপুরার পাহাড় |
| তিস্তা | সিকিমের পার্বত্য অঞ্চল |
| মহানন্দা | হিমালয় পর্বতমালার মহালদিরাম পাহাড় |
| সুরমা | নাগামণিপুর পাহাড়ের দক্ষিণাংশ |

### বাংলাদেশ নদী গবেষণা ইনস্টিটিউট, ফরিদপুর।

- **যৌথ নদী কমিশন, বাংলাদেশ :** ১৯৭২ সালে ভারত-বাংলাদেশ যৌথ নদী কমিশন গঠিত হয়। নদী কমিশনের লক্ষ্য ছিল উভয় দেশের মধ্য দিয়ে প্রবাহিত নদীগুলি থেকে সর্বাধিক সুবিধা লাভের লক্ষ্যে যৌথ প্রয়াস চালানো, বন্যা নিয়ন্ত্রণে পরিকল্পনা প্রণয়ন ও যৌথভাবে বাস্তবায়ন প্রভৃতি।
- **বাংলাদেশ হাওড় ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তর :** প্লাবনভূমি অঞ্চলে বিক্ষিপ্তভাবে অসংখ্য জলাভূমি ও নিম্নভূমি ছড়িয়ে আছে। এর কিছু সংখ্যক পরিত্যক্ত অশ্বখুরাকৃতি নদীখাত। স্থানীয়ভাবে এগুলোকে বিল, ঝিল ও হাওড় বলে।
- **বিল :** বাংলাদেশের বৃহত্তম বিল চলনবিল। চলন বিলের গঠন ঐতিহাসিকভাবে আত্রাই ও বড়াল নদীর সংকোচনের সঙ্গে সম্পর্কযুক্ত। আত্রাই নদী ছিল বিলটির প্রধান যোগ প্রদানকারী প্রণালি। বড়াল নদী বিল থেকে জল নির্গম পথ হিসেবে কাজ করে। ডাকাতিয়া বিলকে 'পশ্চিমা বাহিনী নদী' বলা হয়।

| | |
|---|---|
| চলনবিল | পাবনা-নাটোর-সিরাজগঞ্জ |
| বাইক্কা বিল | শ্রীমঙ্গল, মৌলভীবাজার |
| আড়িয়াল বিল | শ্রীনগর, মুন্সিগঞ্জ |
| ভবদহ বিল | যশোর |
| বিল ডাকাতিয়া | খুলনা |

- **হাওড় :** হাওড়গুলো দেশের উত্তর-পূর্বাঞ্চলের ৭টি জেলায় (কিশোরগঞ্জ, নেত্রকোণা, সুনামগঞ্জ, হবিগঞ্জ, সিলেট, মৌলভীবাজার ও ব্রাহ্মণবাড়িয়া) অবস্থিত। কিশোরগঞ্জকে 'হাওড় এলাকার গেটওয়ে' বলা হয়।

## বৃহত্তম-দীর্ঘতম-প্রশস্ততম নদী

| বিষয় | নদী/নদ |
|---|---|
| দীর্ঘতম নদী | পদ্মা |
| দীর্ঘতম নদ | ব্রহ্মপুত্র নদ |
| বৃহত্তম নদী | মেঘনা |
| কুমিল্লার দুঃখ | গোমতী |
| খরস্রোতা নদী | কর্ণফুলী |
| প্রশস্ততম নদী | মেঘনা |
| দীর্ঘপথ অতিক্রমকারী নদ | ব্রহ্মপুত্র নদ |
| নাব্য নদী | মেঘনা |

## বিভিন্ন নদীর শাখা নদী

| নদী | শাখা নদী |
|---|---|
| পদ্মা | মাথাভাঙা, গড়াই, কুমার, বড়াল, ভৈরব, আড়িয়াল খাঁ নদ |
| যমুনা | ধলেশ্বরী |
| ব্রহ্মপুত্র | বংশী, শীতলক্ষ্যা, বানার, শ্রীকালী, সাতিয়া |
| মাথাভাঙা | চিত্রা, নবগঙ্গা, কুমার |
| ধলেশ্বরী | বুড়িগঙ্গা |

## বিভিন্ন নদীর উপনদী

| নদী | উপ-নদী |
|---|---|
| পদ্মা | মহানন্দা, কপোতক্ষ, পুনর্ভবা |
| মেঘনা | ধনু, সোমেশ্বেরী, কংস, গোমতী |
| ব্রহ্মপুত্র | তিস্তা, ধরলা, দুধ কুমার, করতোয়া, আত্রাই |
| কর্ণফুলী | হালদা, বোয়ালখালী, কাসালং, সাহনী |
| মহানন্দা | পুনর্ভবা, নাগর, পাগলা, কুলিখ ও টাঙন |
| যমুনা | করতোয়া, আত্রাই, তিস্তা, ধরলা, সুবর্ণশ্রী |

## বিভিন্ন নদীর মিলিত স্থান

| নদী | মিলিত স্থান |
|---|---|
| ধনু (সুরমার শাখা) ও কালনী নদী | ভৈরব, কিশোরগঞ্জ |
| পদ্মা ও যমুনা | শিবালয় (মানিকগঞ্জ, দৌলতদিয়া) গোয়ালন্দ (রাজবাড়ী) |
| পদ্মা ও মেঘনা | টঙ্গীবাড়ী (মুন্সিগঞ্জ) ও চাঁদপুর |
| ব্রহ্মপুত্র নদ ও যমুনা | দেওয়ানগঞ্জ, জামালপুর |
| বাঙালি ও যমুনা | বগুড়া |
| পুরাতন ব্রহ্মপুত্র নদ ও মেঘনা | ভৈরব, কিশোরগঞ্জ |
| ছোট পদ্মা ও মেঘনা | ডামুড্যা, শরিয়তপুর |
| মরা পদ্মা ও পদ্মা | গোয়ালন্দ, রাজবাড়ী |
| দুধকুমার ও ব্রহ্মপুত্র নদ | সদর, কুড়িগ্রাম |
| পুরাতন সুরমা ও কালনী | দিরাই, সুনামগঞ্জ |
| মরা সুরমা ও ধনপুর খান | ইটনা, কিশোরগঞ্জ |
| ফেনী ও সন্দ্বীপ চ্যানেল | সোনাগাজী, ফেনী |
| পটুয়াখালী ও পায়রা | সদর, পটুয়াখালী |
| মহানন্দা ও পদ্মা | গোদাগাড়ী, রাজশাহী |
| পুনর্ভবা ও মহানন্দা | গোমস্তাপুর, চাঁপাইনবাবগঞ্জ |
| তিস্তা ও ব্রহ্মপুত্র নদ | চিলমারী, কুড়িগ্রাম |
| করতোয়া ও বাঙ্গালী | শেরপুর, বগুড়া |
| ধরলা ও ব্রহ্মপুত্র নদ | উলিপুর, কুড়িগ্রাম |
| গঙ্গা ও পদ্মা | বেড়া, পাবনা |
| নাগদ ও আত্রাই | সিংড়া, নাটোর |
| শীতলক্ষ্যা ও ধলেশ্বরী | সদর, নারায়ণগঞ্জ |
| ধলেশ্বরী ও মেঘনা | সদর, মুন্সিগঞ্জ |
| তুরাগ ও বুড়িগঙ্গা | মোহাম্মদপুর, ঢাকা |
| বুড়িগঙ্গা ও ধলেশ্বরী | ফতুল্লা, নারায়ণগঞ্জ |
| কালনী ও মেঘনা | অষ্টগ্রাম, কিশোরগঞ্জ |
| সুরমা ও কুশিয়ারা | মারকুলী, আজমিরীগঞ্জ, হবিগঞ্জ |
| মনু ও কুশিয়ারা | সদর, মৌলভীবাজার |
| ধলাই ও মনু | রাজনগর, মৌলভীবাজার |
| গোমতি ও মেঘনা | দাউদকান্দি, কুমিল্লা |
| তিতাস ও মেঘনা | নবীনগর, ব্রাহ্মণবাড়িয়া |

| | |
|---|---|
| ডাকাতিয়া ও মেঘনা | সদর, চাঁদপুর |
| মুহুরী ও ফেনী | সদর, ফেনী |
| হালদা ও কর্ণফুলী | রাউজান, চট্টগ্রাম |
| গড়াই ও মধুমতি | মোহাম্মদপুর (মাগুরা) ও বোয়ালমারী (ফরিদপুর) |
| মধুমতি ও বলেশ্বর | কচুয়া, বাগেরহাট |
| আড়িয়াল খাঁ নদ ও কীর্তনখোলা | মুলাদী, বরিশাল |
| কীর্তিনাশা ও আড়িয়াল খাঁ নদ | কালকিনী, মাদারীপুর |
| পদ্মা শাখা ও আড়িয়াল খাঁ নদ | কালকিনী, মাদারীপুর |
| সুগন্ধা ও বিষখালী | রাজাপুর, ঝালকাঠী |

**আন্তঃসীমান্ত বা অভিন্ন নদী**

| নদী | সীমান্তবর্তী জেলা |
|---|---|
| ১. রায়মঙ্গল | সাতক্ষীরা |
| ২. ভৈরব-কপোতাক্ষ | মেহেরপুর |
| ৩. পুনর্ভবা | দিনাজপুর ও নওগাঁ |
| ৪. তেঁতুলিয়া | দিনাজপুর |
| ৫. নাগর | ঠাকুরগাঁও |
| ৬. ঘোড়ামারা | পঞ্চগড় ও নীলফামারী |
| ৭. বুড়ি-তিস্তা | নীলফামারী |
| ৮. ব্রহ্মপুত্র নদ | কুড়িগ্রাম |
| ৯. সুরমা | সিলেট |
| ১০. সুতাং | হবিগঞ্জ |
| ১১. গোমতী | কুমিল্লা |
| ১২. কাকরী-ডাকাতিয়া | কুমিল্লা |

**নদীর তীরবর্তী শহর**

| নদী | শহর বন্দর/পৌরসভা |
|---|---|
| মহানন্দা | বাংলাবান্ধা, তেঁতুলিয়া, চাঁপাইনবাবগঞ্জ |
| করতোয়া | পঞ্চগড় সদর |
| ব্রহ্মপুত্র | রৌমারি, চিলমারী বন্দর |
| গঙ্গা | রাজশাহী |
| ইছামতি | পাবনা পৌরসভা |
| তুরাগ | কাশিমপুর, টঙ্গী পৌরসভা |
| খোয়াই | হবিগঞ্জ সদর |
| গোমতি | কুমিল্লা সদর, দাউদকান্দি |
| মেঘনা | আশুগঞ্জ, ভৈরব, নরসিংদী পৌরসভা, মতলব, চাঁদপুর, হাইমচর, মনপুরা |
| ডাকাতিয়া | লাকসাম, হাজীগঞ্জ, চাঁদপুর |
| কীর্তিনাশা, পদ্মাশাখা | শরীয়তপুর পৌরসভা |
| সুগন্ধা | ঝালকাঠি সদর |
| পটুয়াখালী | পটুয়াখালী পৌরসভা |
| পশুর | মোংলা |
| কপোতাক্ষ | যশোর |

**নদীর তীরবর্তী শহর**

| স্থাপনা | যে নদীতে | অবস্থান |
|---|---|---|
| পদ্মা সেতু | পদ্মা | মাওয়া-জাজিরা |
| বঙ্গবন্ধু সেতু | যমুনা | সিরাজগঞ্জ ও টাঙ্গাইল |
| বাংলাদেশ-জাপান মৈত্রী সেতু-১ | মেঘনা | সোনারগাঁও-গজারিয়া (মুন্সিগঞ্জ) |
| ভৈরব সেতু (রেল) | মেঘনা | ভৈরব বাজার |
| বাংলাদেশ-জাপান মৈত্রী সেতু-২ | গোমতি | দাউদকান্দি, কুমিল্লা |
| বাংলাদেশ-চীন মৈত্রী সেতু-৩ | মহানন্দা | চাঁপাইনবাবগঞ্জ |
| বাংলাদেশ-চীন মৈত্রী সেতু-৪ | করতোয়া | পঞ্চগড় |
| মহাস্থানগড় | করতোয়া | বগুড়া |
| বাংলাদেশ-চীন মৈত্রী সেতু-২ | ব্রহ্মপুত্র | শম্ভুগঞ্জ, ময়মনসিংহ |
| বাংলাদেশ-চীন মৈত্রী সেতু-৫ | গাবখান | ঝালকাঠি |
| ফারাক্কা বাঁধ | গঙ্গা | মুর্শিদাবাদ |
| তিস্তা বাঁধ প্রকল্প | তিস্তা | রংপুর |
| বাংলাদেশ-চীন মৈত্রী সেতু-১ | বুড়িগঙ্গা | ঢাকা |

## ভারত কর্তৃক নির্মিত উল্লেখযোগ্য ব্যারেজ

| ব্যারেজের নাম | যে নদীর উজানে | ব্যারেজের নাম | যে নদীর উজানে |
|---|---|---|---|
| ফারাক্কা ব্যারেজ | গঙ্গা | খোয়াই ব্যারেজ | খোয়াই |
| মহানন্দা ব্যারেজ | মহানন্দা | মহারানী ব্যারেজ | গোমতী |
| তিস্তা ব্যারেজ | তিস্তা | কালসি ব্যারেজ | মুহুরী |
| মনু ব্যারেজ | মনু | | |

## বিসিএস পরীক্ষায় আসা বিগত সালের প্রশ্ন সমূহ

১. **কোন নদীর উৎপত্তিস্থান বাংলাদেশে?** [৪৫তম বিসিএস]
ক. কর্ণফুলি খ. নাফ গ. মেঘনা ঘ. হালদা উত্তর: ঘ

২. **বাংলাদেশের অর্থনৈতিক সমুদ্রসীমা কতো নটিক্যাল মাইল?** [৪৫তম বিসিএস]
ক. ১৫০ নটিক্যাল মাইল খ. ২০০ নটিক্যাল মাইল গ. ২৫০ নটিক্যাল মাইল ঘ. ৩০০ নটিক্যাল মাইল উত্তর: খ

৩. **ডাউকি ফল্ট বরাবর একটি প্রচণ্ড ভূমিকম্পের পর বাংলাদেশের কোন নদী তার গতিপথ পরিবর্তন করে?** [৪৪তম বিসিএস]
ক. ব্রহ্মপুত্র নদী খ. পদ্মা নদী গ. কর্ণফুলি নদী ঘ. মেঘনা নদী উত্তর: ক

৪. **বাংলাদেশে জি-কে প্রকল্প একটি-** [৪৪তম বিসিএস]
ক. জলবিদ্যুৎ প্রকল্প খ. নদী নিয়ন্ত্রণ প্রকল্প গ. জল পরিবহন প্রকল্প ঘ. সেচ প্রকল্প উত্তর: ঘ

৫. **"বঙ্গবন্ধু দ্বীপ" কোথায় অবস্থিত?** [৪১তম বিসিএস]
ক. মেঘনার মোহনায় খ. সুন্দরবনের দক্ষিণে গ. পদ্মা এবং যমুনার সংযোগস্থালে ঘ. টেকনাফের দক্ষিণে উত্তর: খ

৬. **বাংলাদেশের সর্ব দক্ষিণে কোনটি অবস্থিত?** [৪১তম বিসিএস]
ক. দক্ষিন তালপট্টি খ. সেন্টমার্টিন গ. নিঝুম দ্বীপ ঘ. ভোলা উত্তর: খ

৭. **বাংলাদেশের দীর্ঘতম নদী কোনটি?** [৩৭তম বিসিএস]
ক. মেঘনা খ. যমুনা গ. পদ্মা ঘ. কর্ণফুলী উত্তর: ক

৮. **বাংলাদেশ ও মায়ানমারের মধ্যে সীমান্ত নদীটির নাম কী?** [৩৪তম বিসিএস]
ক. নাফ খ. কর্ণফুলী গ. লবণগঙ্গা ঘ. ভাগিরথী উত্তর: ক
**বি.দ্র.** বর্তমানে পদ্মা।

৯. **কর্ণফুলী নদীর উৎস ভারতের কোন রাজ্যে?** [২৫তম বিসিএস]
ক. ত্রিপুরা খ. মিজোরাম গ. মনিপুর ঘ. মেঘালয় উত্তর: খ

১০. **গঙ্গা-ব্রহ্মপুত্র-মেঘনার সম্মিলিত নদী অববাহিকার কত শতাংশ বাংলাদেশের অন্তর্ভূক্ত?** [১৫তম বিসিএস]
ক. ৪ খ. ১৪ গ. ৭ ঘ. ৩৩ উত্তর: ঘ

১১. **ভারত-বাংলাদেশ যৌথ নদী কমিশনের অন্যতম প্রধান লক্ষ্য–** [১২তম বিসিএস]
ক. দু'দেশের নদীগুলোর নাব্যতা বৃদ্ধি খ. দু'দেশের নদীগুলোর পলিমাটি অপসারণ
গ. বন্যা নিয়ন্ত্রণে দু'দেশের মধ্যে সহযোগিতা ঘ. দু'দেশের নৌ-পরিবহন ব্যবস্থার উন্নয়ন উত্তর: ক

১২. **হোয়াংহো নদীর উৎপত্তি স্থান কোথায়?** [২৮তম বিসিএস]
ক. হিমালয় খ. কুনলুন পর্বত গ. ব্ল্যাক ফরেস্ট ঘ. আল্পস উত্তর: খ

১৩. **এশিয়ার দীর্ঘতম নদী কোনটি?** [২০তম বিসিএস]
ক. হোয়াংহো খ. ইয়াংসিকিয়াং গ. গঙ্গা ঘ. সিন্ধু উত্তর: খ

১৪. **ওডারনীস নদী–** [১১তম বিসিএস]
ক. পূর্ব জার্মানি ও পোল্যান্ডের মধ্যে সীমা নির্ধারক খ. পশ্চিম জার্মানি ও চেক প্রজাতন্ত্রের মধ্যে সীমা নির্ধারক
গ. পশ্চিম জার্মানি ও পোল্যান্ডের মধ্যে সীমা নির্ধারক ঘ. সংযুক্ত জার্মানি ও ফ্রান্সের মধ্যে সীমা নির্ধারক উত্তর: ক

## গুরুত্বপূর্ণ প্রশ্ন সমূহ

১. **পৃথিবীর দ্বিতীয় দীর্ঘতম নদী?**
ক. নীল খ. মিসিসিপি গ. আমাজান ঘ. সেন্ট লরেন্স উত্তর: গ

২. **ফারাক্কার বাঁধ তৈরি করা হয়েছে কোন নদীর উপর?**
ক. মেঘনা খ. পদ্মা গ. যমুনা ঘ. গঙ্গা উত্তর: ঘ

৩. **কোনটি আন্তর্জাতিক নদী?**
ক. সুরমা খ. কপোতাক্ষ গ. ব্রহ্মপুত্র ঘ. মেঘনা উত্তর: গ

৪. **মিয়ানমার হতে কয়টি নদী বাংলাদেশে প্রবেশ করেছে?**
ক. ১টি খ. ২টি গ. ৩টি ঘ. ৪টি উত্তর: গ

৫. **চীনের দুঃখ নামে পরিচিত কোনটি?**
ক. মেকং নদী খ. হোয়াংহো নদী গ. মেনাম নদী ঘ. ইয়াংসিকিয়াং নদী উত্তর: খ

৬. **নীল নদ কোন দুটি দেশের মধ্য দিয়ে প্রবাহিত?**
ক. মিসর-লিবিয়া খ. মিসর-সুদান গ. লিবিয়া-মরক্কো ঘ. মিসর-ঘানা উত্তর: খ

৭. **তিব্বতের মানস সরোবর হতে উৎপন্ন-**
ক. সুরমা খ. তিস্তা গ. ব্রহ্মপুত্র ঘ. পদ্মা উত্তর: গ

৮. **আমাজন নদী কোন মহাদেশে অবস্থিত?**
ক. আফ্রিকা খ. ইউরোপ গ. দক্ষিণ আমেরিকা ঘ. এশিয়া উত্তর: গ

৯. **পৃথিবীর সবচেয়ে দীর্ঘ নদী-**
ক. আমাজান খ. নীলনদ গ. মিসিসিপি ঘ. মেকং উত্তর: খ

১০. **পৃথিবীর কোন নদীতে মাছ হয় না?**
ক. জাম্বেসি খ.জর্ডান গ. আমাজান ঘ. দানিয়ুব উত্তর: খ

১১. **বাংলাদেশে নদীর সংখ্যা কতোটি?**
ক. ৭০০ টি খ. ৮০০ টি গ. ৯০০ টি ঘ. ১০০০ টি উত্তর: ক